রম্ভা তৃতীয়া ব্রত

একদিন ব্রহ্মা দেবর্ষি নারদকে বললেন, হে নারদ ! রম্ভা-তৃতীয়া ব্রতের কথা বলছি শোনো। এই রম্ভা-তৃতীয়া ব্রত করলে সৌভাগ্যসহ স্ত্রী-পুত্র লাভ হয়ে থাকে। জ্যৈষ্ঠ মাসের শুক্লপক্ষের তৃতীয়াতে এই ব্রত আরম্ভ করে এক বছরে এই ব্রত সম্পূর্ণ করতে হয়।

জ্যৈষ্ঠ মাসে বারায়ণ নামে দেবীর পুজো করবে, এই দেবীর পুজো করলে সৌভাগ্যপ্রাপ্তি হয়। আষাঢ় মাসে লবঙ্গফুলে মাধবী নামে দেবীর পুজো করবে, এই দেবীর পুজো করলে শোনাশ হয়।

শ্রাবণ মাসে টগরফুলে শ্রী নামে দেবীর পুজো করবে, এই দেবীর পুজো করলে ধন-ধান্য বৃদ্ধি হয়। ভাদ্র মাসে পদ্মফুলে বিমলা নামে দেবীর পুজো করবে, এতে সমৃদ্ধি বৃদ্ধি হয়।

আশ্বিন মাসে জবাফুলে নগনন্দিনী নামে দেবীর পুজো করবে, এই দেবীর পুজো করলে পাপনাশ হয়। কার্তিক মাসে জাতিফুলে পদ্মজা নামে দেবীর পুজো করবে, এই দেবীর পুজো করলে ভব-ভয় দূর হয়।

অগ্রহায়ণ মাসে বেলপাতা দিয়ে উমা নামে দেবীর পুজো করবে, এই দেবীর পুজো করলে সর্বসৌভাগ্য লাভ হয়। পৌষ মাসে কুরুবকফুলে গিরিজা নামে দেবীর পুজো করবে, এই দেবীর পুজো করলে পুত্র-পৌত্রাদি জন্মে।

মাঘ মাসে কহ্লার ফুলে সুভদ্রা নামে দেবীর পুজো করবে, এই দেবীর পুজো করলে সৌন্দর্যবৃদ্ধি হয়। ফাল্গুন মাসে কুন্দফুলে গোমতী নামে দেবীর পুজো করবে, এই দেবীর পুজো করলে দীর্ঘায়ু হওয়া যায়।

চৈত্র মাসে দমনকফুলে বিশালাক্ষী নামে দেবীর পুজো করবে, এই দেবীর পুজো করলে পশু-সম্পত্তি লাভ হয়। বৈশাখ মাসে ডর্ণিকাফুলে অশোকা নামে দেবীর পুজো করবে, এই দেবীর পুজো করলে দেহোে দেবীলোকে গতি হয়ে থাকে।

এইভাবে বিভিন্ন ফুলে বিভিন্ন নামে দেবীর পুজো করে বছর পূর্ণ হলে সোনার উমা-মহেশ্বর মূর্তি পুজো করে ব্রাহ্মণ ও কুমারীদের পুজো এবং দক্ষিণা দানে সন্তুষ্ট করতে হয়।।

Published on: Jan, 09 2023 14:30